

PM's remarks on the situation in India-China Border areas

Entry date: 17 JUN 2020 3:35PM by PIB Delhi

প্রধানমন্ত্রীর কার্যালয়

ভারত-চীন সীমান্ত একালার পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রীর বক্তব্য

অন্তর্ভুক্তির তারিখ: 17 ই জুন 2020 বিকেল 3:55 পিআইবি দিল্লি দ্বারা

মিঃ,

ভারত মাতার বীর সন্তানরা গালওয়ান উপত্যকায় দেশ মাতাকে রক্ষা করতে গিয়ে চূড়ান্ত আত্মবিলিদান দিয়েছেন।

.দেশের সেবায় তাদের এই বলিদানকে আমি প্রণাম জানাই, তাদের উদ্দেশ্যে আমি আমার শ্রদ্ধা জ্ঞাপন করছি।

দুঃখের এই চরম সময়ে আমাদের শহীদদের পরিবারের প্রতি আমি আমার শোক প্রকাশ করছি।

আজ সারা দেশ আপনাদের পাশে রয়েছে, সারা দেশের অনুভূতি আপনাদের সাথে রয়েছে।

শহীদদের বলিদান কোনোদিন বিফলে যাবে না।

যে কোন রকমেরই পরিস্থিতি হোক না কেন, যে কোন রকমেরই পরিবেশ হোকনা কেন ভারত দৃঢ়তার সাথে আত্মসম্মান রক্ষা করবে এবং দেশের প্রতিটি ইঞ্চি জমিকে রক্ষা করবে।

ভারত ঐতিহ্যগতভাবে শান্তিকামী দেশ, আমাদের দেশের ইতিহাস হল শান্তির ইতিহাস।

ভারতের আদর্শগত মন্ত্র হলঃ- সমস্তঃ সুখিনোভবন্ত।

প্রতি যুগে আমরা সমগ্র মানবজাতির জন্য শান্তি এবং কুশলতা কামনা করে আসছি।

আমরা সবসময় আমাদের প্রতিবেশীর সাথে সহযোগিতা এবং বন্ধুত্বপূর্ণ মনোভাবের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আসছি। সবসময় তাদের উন্নতি এবং কল্যাণ কামনা করে আসছি।

যখনই কখনও মত পার্থক্য দেখা দিয়েছে আমরা সবসময় চেষ্টা করেছি মতপার্থক্য যেন বিবাদে পরিণত না হয়, মতান্তর অবশ্যই যেন বিবাদে পরিণত না হয়।

আমরা কখনই কাউকে প্ররোচিত করিনি, কিন্তু আমাদের দেশের অখন্ডতা এবং সার্বভৌমত্ব নিয়েও কোনদিন আপস করিনি।

যখনই সময় এসেছে, আমরা আমাদের শক্তি প্রদর্শন করেছি, আমাদের দেশের অখন্ডতা এবং সার্বভৌমত্ব রক্ষা করতে পারার সক্ষমতার প্রমাণ দিয়েছি।

আত্মত্যাগ এবং শিক্ষা আমাদের জাতীয় চরিত্র, কিন্তু একই সাথে, আমাদের জাতীয় চরিত্রের আরেকটি অংশ হল শৌর্য এবং বীর্য।

আমি দেশকে আশ্বস্ত করতে চাই যে, সৈনিকদের বলিদান বিফলে যাবে না।

আমাদের কাছে সবার উপরে ভারতের অখন্ডতা এবং সার্বভৌমত্ব, এবং তাকে রক্ষা করার থেকে কেউ আমাদের বাধা দিতে পারবে না।

এই বিষয়ে কারো দ্বিধা বা দ্বন্দ্ব থাকা উচিত নয়।

ভারত শান্তি চায়, কিন্তু ভারতকে প্ররোচিত করলে তার সদুত্তরও দেওয়া হবে।

আমাদের বীর শহীদ সৈনিকদের জন্য দেশ আজ গর্বিত, আপনাদের সবার কাছে আমার আর্জি সেই সব বীর সন্তানদের শ্রদ্ধা জানাবার জন্য দুমিনিটের নীরবতা পালন করুন।

ভিআরআরকে/ভিজি

(রিলিজ আইডি:1632065) ভিজিটর কাউন্টার: 175

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.